# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 09 May, 2025

নেত্রকোণার মোহনগঞ্জে বিস্ফোরক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের করা মামলায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, যুবলীগ ও ছাত্রলীগের নেতাসহ আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের চার নেতাকর্মীকে গ্রেফতার করেছে থানা পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন–মোহনগঞ্জ উপজেলার গাগলাজুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের তথ্য, গবেষণা ও আইন বিষয়ক সম্পাদক মো. হাবিবুর রহমান (৫৪), পৌরসভার ৩ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি খলিল শিকদার (৫৫), উপজেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক আবু সাইদ (৪৫) এবং নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের মোহনগঞ্জ উপজেলা শাখার সাধারণ সম্পাদক মাহমুদ আল নুর সমাপ্ত (২৪)।

মোহনগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আমিনুল ইসলাম জানান, গত বছরের ২৮ সেপ্টেম্বর বিস্ফোরক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের করা মামলায় বৃহস্পতিবার (৮ মে) দিনগত রাতে পৌর শহরের বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। পরদিন শুক্রবার (৯ মে) দুপুরে তাদের জেলা আদালতে পাঠানো হয়েছে।

আ.লীগ গ্রেফতার

© 2025 TimesToday. All Rights Reserved.

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/7758072205